

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৫৯১(আগরতলা-১০।০৯)  
কৈলাসহর, ১০ সেপ্টেম্বর, ২০১৯

**উনকোটি জেলায় আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপিত**

সারা রাজ্যের সাথে গত ৮ সেপ্টেম্বর উনকোটি জেলা সদরেও আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপিত হয়। উনকোটি কলাক্ষেত্রে বেলা সাড়ে তিনটায় অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক সুধাংশু দাস। স্বাগত ভাষণ দেন জেলার অতিরিক্ত জেলাশাসক অজিত শুরুদাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন বুলবুল চক্রবর্তী। অনুষ্ঠানে উদ্বোধকের ভাষণে বিধায়ক সুধাংশু দাস বলেন, শিক্ষা জ্ঞানের ধারক ও বাহক। যে দেশের মানুষ যতবেশি শিক্ষিত সে দেশ তত বেশী সমৃদ্ধ। তাই শিক্ষাই দেশ ও জাতি গঠনের অন্যতম সোপান। প্রধান অতিথির ভাষণে উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস বলেন, শিক্ষা ও শিক্ষকরাই জাতি গঠনে মূল ভূমিকা নেয়। সাক্ষরতার আন্দোলন হল দেশ গঠনের সংগ্রাম। জেলাশাসক রবীন্দ্র রিয়াং বলেন, সাক্ষরতা অভিযান এক ধারাবাহিক কর্মসূচি। সাক্ষরতার কাজকে কর্তব্য হিসাবে দেখতে হবে। অনুষ্ঠানে আলোচনায় অংশ নেন বিধায়ক মবস্বর আলি, উনকোটি জিলা পরিষদের সহকারি সভাপতি শ্যামল দাস, কৈলাসহর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন নীতিশ দে ও শিক্ষাবিদ রবীন্দ্র ভট্টাচার্য। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চন্ডীপুর ও গৌরনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানদয় লাকি পাল (দাস) ও নারান সিংহ, কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান হ্যাপী দাস, কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা মালাকার প্রমুখ। এই উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে জেলার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ অংশ নেন।

\*\*\*\*\*